যুগান্তর

তারিখ . . 24 DEC. 2016. . . .
পৃষ্ঠা ৩ . . . কলাম . . . . ২ . . . . .

# ভিসির বিরুদ্ধে রাষ্ট্রপতিকে চিঠি দিচ্ছে শাবি শিক্ষক সমিতি

সিলেট ব্যুরো

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিয়ে দুই মন্ত্রীর ক্ষুব্ধ প্রতিক্রিয়ার পর এবার উপাচার্য (ভিসি) অধ্যাপক আমিনুল হক ভুইয়ার বিরুদ্ধে রাষ্ট্রপতির কাছে লিখিত অভিযোগ দিচ্ছে শিক্ষক সমিতি। বৃহস্পতিবার শিক্ষক সমিতির এক জরুরি সভায় সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত হয়েছে বলে যুগান্তরকে জানান, সমিতির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আল আমিন রাব্বী। শিক্ষকদের সঙ্গে ভিসির অশালীন আচরণ ছাড়াও আরও তিনটি অভিযোগে এ চিঠি আজই পাঠানো হচ্ছে বলে নিশ্চিত করেছেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. সৈয়দ সামসুল আলম।

শিক্ষক সমিতির জরুরি সভায় বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদকে চিঠিতে অশালীন ছাড়াও আরও যেসব বিষয় জানানোর ■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

# ভিসির বিরুদ্ধে রাষ্ট্রপতিকে চিঠি

(৩য় পৃষ্ঠার পর)

সিদ্ধান্ত হয় সেগুলো হচ্ছে— ভর্তি পরীক্ষায় জালিয়াত চক্রের মূল হোতাদের মুখোশ উন্মোচন, প্রশাসনকে আইসিটি আইনে মামলা করতে বাধ্য করা এবং এসব রহস্য উদ্ঘাটনে বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন। অধ্যাপক ড. সামসুল আলম যুগান্তরকে বলেন, যে বিশ্ববিদ্যালয় গবেষণায় দেশের শীর্ষে সেখানে ভর্তি জালিয়াতির ঘটনা মেনে নেয়া যায় না। এছাড়া ভাইস চ্যান্সেলরের একের পর এক অশালীন আচরণে শিক্ষকরা শিক্ষকতার আগ্রহ হারাবে। তাই চ্যান্সেলর ও রাষ্ট্রপতিকে বিষয়টি অবগত করা জরুরি। শিক্ষকদের সঙ্গে অশালীন আচরণসহ শিক্ষক সমিতির অন্যান্য অভিযোগের বিষয়ে জানতে শাবি ভিসি অধ্যাপক আমিনুল হক ভুইয়ার সঙ্গে বারবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

**শাবির ঘটনায় ক্ষুব্ধ দুই মন্ত্রী :** তুচ্ছ ঘটনায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার ঘটনায় চরম ক্ষুব্ধ হয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এবং শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বৃহস্পতিবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এক অনুষ্ঠানে ওবায়দুল কাদের বলেন, ছাত্রলীগের দুই গ্রুপ মারামারি করেছে। এজন্য বিশ্ববিদ্যালয় বন্ধ অর্থাৎ মাথাব্যথার জন্য মাথা কেটে ফেলতে হবে, আমি এর বিপক্ষে। এজন্য আইন আছে। আইন অনুসারে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। ক্লাস বন্ধ করা যাবে না। তিনি বলেন, শাহজালাল বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে আমরা দৃষ্টান্ত স্থাপন করলাম। অন্যান্য বিশ্ববিদ্যালয়ও যেন এটি অনুসরণ করে। সেখানে ক্যাম্পাসে পুলিশকে ঢুকতে দেয়া হচ্ছে না বলে অভিযোগ উঠেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আমি বলেছি, পুলিশ যেতে দিলেন না, সতীত্ব, শুচিতা নষ্ট হবে বলে। কিন্তু বিশ্ববিদ্যালয় বন্ধ করে দিয়ে কি শুচিতা থাকল? অন্যদিকে বৃহস্পতিবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ শাবি ভিসিকে ফোন দিয়ে ক্ষোভ প্রকাশের পাশাপাশি অচলাবস্থা নিরসনে দ্রুত পদক্ষেপ নেয়ার পরামর্শ দেন। ক্যাম্পাসে সংঘাত সৃষ্টির সঙ্গে জড়িতদের কঠোর শাস্তির আওতায় নিয়ে আসার কথাও বলেন উপাচার্যকে। শিক্ষামন্ত্রীর ঘনিষ্ঠজন ও সিলেটের মেট্রোপলিটন ইউনিভার্সিটির সহকারী প্রক্টর আব্বাস উদ্দিন যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন।